

3 (Sem-1/CBCS) BEN-HC 1

2 0 1 9

BENGALI

(Honours)

Paper : BEN-HC-1016

(প্রাগাধুনিক সাহিত্য পাঠ ১)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : $১ \times ১২ = ১২$

(ক) 'বাজ গাব পাড়া পঁউআ খালেন্ বাহিউ' পদটির পদকর্তা

ভুসুকু / কাহু / সবর / ঢেণ্ডন

(খ) "হাডীত _____ নাঁহি নিতি আবেশী।"

শূন্যস্থানের সঠিক শব্দটি নির্দেশ করো।

খাদ্য / অন্ন / ভাত / জল

(গ) 'এক সো পদমা চৌষষ্ঠী পাখুড়ী'—'পাখুড়ী' শব্দের অর্থ

পাগড়ি / পাপড়ি / পাথর / পাতা

(ঘ) চর্যাপদের সংকলনে কাহ্ন ভগিতায় সবচেয়ে বেশি চর্যাগীতি পাওয়া গিয়াছে

এগারোটি / দশটি / সাতটি / তেরোটি

(ঙ) ‘তনপান ছলে কাহ্ন তাক সংহারিল’—কাকে সংহারের কথা এখানে বলা হয়েছে?

কেশি / পুতনা / প্রেতিনী / যমলাজুন

(চ) “হেনমতে গোকুলে বাড়িলা _____।”
শূন্যস্থানের সঠিক শব্দটি নির্দেশ করো।

হলধর / ছত্রধর / সূত্রধর / দামোদর

(ছ) ‘সেহি শঙ্খচক্র গদা শারঙ্গ ধরে’—‘শারঙ্গ’ শব্দের অর্থ

ত্রিশূল / বজ্র / পদ্ম / দণ্ড

(জ) চণ্ডীদাস ভগিতায় কার বন্দনা করেছেন?

বাসলী / বাসুদেব / ব্রহ্মা / কৃষ্ণ

(ঝ) ‘আজু মবু দেহ ভেল দেহা’—পদটি কোন্ ভাষায় রচিত?

বাংলা / অসমীয়া / ওড়িয়া / ব্রজবুলি

(ঞ) “এ ছার _____ মোর হইল কি বাম রে।”

শূন্যস্থানের সঠিক শব্দটি নির্দেশ করো।

ইন্দ্রিয় / রসনা / নাসিকা / কর্ণ

(ট) ‘সুরতরু বাঁঝকি ছন্দে’—‘সুরতরু’ শব্দের অর্থ

কল্পতরু / কায়াতরু / দেবদারু / বোধিবৃক্ষ

(ঠ) মৈথিলি কোকিল কাকে বলা হয়?

চণ্ডীদাস / জ্ঞানদাস / বিদ্যাপতি / গোবিন্দদাস

২। সংক্ষেপে উত্তর দাও :

২×৯=১৮

(ক) ‘চর্যাগীতি’র পুথি কে, কবে আবিষ্কার করেছিলেন?

(খ) ‘চর্যাগীতি’র টীকাগ্রন্থ ও টীকাকারের নাম কী?

(গ) পাঠ্য চর্যাপদগুলির শীর্ষে উল্লিখিত গীতি নির্দেশক দুটি রাগের নাম লেখো।

(ঘ) শ্বেত ও কৃষ্ণ কেশ দুটি থেকে কার কার জন্ম হয়েছিল?

(ঙ) কৃষ্ণের পিতা ও মাতার নাম কী?

(চ) কৃষ্ণের জন্মক্ষণ কোন্ নক্ষত্র ও কোন্ তিথিতে?

(ছ) ‘হাথক দরপণ মাথক ফুল’—পদটির পদকর্তা কে ও পদটি কোন্ পর্যায়ের পদ?

(জ) ‘কেমনে পাইব সই তারে’—কে, কাকে পাবার কথা বলেছে?

(ঝ) ‘চিত্তামণি যব নিজগুণ ছোড়ব’—‘চিত্তামণি’ কী?

৩। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) গাণা তরুণের মৌলিক রে গঅণত লাগেলী ডালী।
একেলী সবরী এ বণ হিণ্ডই কর্ণকুণ্ডলবজ্জধারী ॥
তিঅ-ধাউ খাট পড়িলা সবরো মহাসুখে সেজি ছাইলী।
সবরো ডুজঙ্গ গঁইরামণি দরী পেক্স রাতি পোহাইলী ॥
হিঅ তাঁবোলা মহাসুহে কাপুর খাই।
সুন নিরামণি কঠে লইআ মহাসুহে রাতি পোহাই ॥
- (খ) বলদ বিআএল গাবিআ বাঁঝে।
পিটা দুহিএ এ তিনা সাঁঝে ॥
জো সো বুধী সোই নিবুধী।
জো সো চৌর সোই দুষাধী ॥
- (গ) পাকিল দাটী মাথার কেশ। বামন শরীর মাকড় বেশ ॥
নাচএ নারদ ভেকের গতি। বিকৃত বদন উমত মতী। ও ॥
খনে খনে হাসে বিণি কারণে। খনে হএ খোড় খোণেকঁ কানে ॥
নানা পরকার করে অঙ্গভঙ্গ। তাক দেখি সব লোকের রঙ্গ ॥
- (ঘ) বধুর পিরীতি আরতি দেখিয়া
মোর মনে হেন করে।
কলঙ্কের ডালি মাথায় করিয়া
আনল ভেজাই ঘরে ॥
- (ঙ) কুলিশ শত শত পাত-মোদিত
ময়ুর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী ডাকে ডাহকী
ফাটি যাওত ছাতিয়া ॥

- ৪। (ক) ‘কাহেরে যিনি মেলি অচ্ছ কীস’—পদটির বাচ্যার্থ বর্ণনা
করে কাব্যমূল্য বিচার করো। ৪+৬=১০
অথবা
- (খ) ডুসুকুপাদের কবি পরিচিতি আলোচনা করে তাঁর রচিত
পাঠ্য পদ অনুসরণে তাঁর কাব্যকৃতিত্ব বিশ্লেষণ করো। ৪+৬=১০
- ৫। (ক) ‘‘সব দেবের মেলি সভা পাতিল আকাশে।’’
দেবতাদের সভা আহ্বানের কারণ ব্যাখ্যা করে শ্রীকৃষ্ণের
জন্মবৃত্তান্ত আলোচনা করো। ৪+৬=১০
অথবা
- (খ) বড়ায়িকে যে কর্মে নিযুক্ত করার কথা কাব্যে নির্দেশিত
হয়েছে তা উল্লেখ করে কবি বড়ায়ির যে দেহবর্ণনা
দিয়েছেন তা বিশদে আলোচনা করো। ৪+৬=১০
- ৬। (ক) মাথুর বলতে কী বোঝ? পাঠ্য পদ অবলম্বনে এই
পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব ব্যাখ্যা করো। ৪+৬=১০
অথবা
- (খ) ‘সই কে বা শুনাইল শ্যামনাম’ পদটি কোন্ পর্যায়ের
অন্তর্গত? সেই পর্যায় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে
পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১+৩+৬=১০